

SSI -এর নীতিমালা

SSI -এর এই মূলনীতি যে কোনও ডিজিটাল পরিচয় ব্যবস্থায় ব্যবহারের জন্য প্রকাশিত করা হয়েছে। যে কোনো সংস্থা তাদের ডিজিটাল পরিচয় প্রশাসনের কাঠামোর মধ্যে এই মূলনীতি অন্তর্ভুক্ত করতে পারবে, কিন্তু কেবলমাত্র সম্পূর্ণরূপে। আংশিক রূপে এটি অন্তর্ভুক্ত করা যাবে না। SSI-র নীতিমালা সংকলন শুধুমাত্র ক্ষেত্রবিশেষের এক্তিয়ারে প্রযোজ্য সরকারী আইন ও প্রবিধান অনুযায়ী সীমিত হবে।

১। প্রতিনিধিত্ব

যে কোনো SSI ব্যবস্থার মাধ্যমে যে কোনো ধরনের স্বা, যেমন - মানবিক, আইনী, প্রাকৃতিক, শারীরিক অথবা ডিজিটাল - স্বাধার ক্ষেত্রে প্রযোজ্য ডিজিটাল পরিচয়ের সংখ্যার কোনো সীমা থাকবে না।

২। আন্তঃব্যবহার্যতা

একটি SSI ব্যবস্থার অধীন, যে কোন স্বাধার ডিজিটাল পরিচয়ের তথ্যের প্রতিনিধিত্ব স্থাপনা, বিনিময়, সুরক্ষা, ও যাচাইয়ের আন্তঃব্যবহার্য প্রক্রিয়া নির্ধারণের জন্য, মুক্ত, সার্বজনীন ও রয়্যালটিবিহীন মান ব্যবহার করা হবে।

৩। বিকেন্দ্রীকরণ

একটি SSI ব্যবস্থার অধীন কোনো স্বাধার ডিজিটাল পরিচয় তথ্যের প্রতিনিধিত্ব, নিয়ন্ত্রণ বা যাচাই করার উদ্দেশ্যে কোনো কেন্দ্রীয় সিস্টেমের আবশ্যিকতা হবে না।

৪। নিয়ন্ত্রণ ও সংস্থা

যে সকল স্বাধার তাদের নিজস্ব পরিচয়ের ক্ষেত্রে প্রাকৃতিক, মানবীয়, বা আইনী অধিকার রয়েছে তাদের “পরিচয় অধিকার ধারক” বলা হয়। এই সকল স্বাধার ক্ষেত্রে একটি SSI ব্যবস্থার অধীন, তাদের ডিজিটাল পরিচয়ের তথ্যের ব্যবহারের নিয়ন্ত্রণ প্রদান করা হবে এবং এই নিয়ন্ত্রণের অধিকারের সূত্রে তাদের পছন্দ অনুযায়ী তারা এজেন্ট বা অভিভাবক নিয়োগ করতে পারবেন। এই এজেন্ট বা অভিভাবকরা কোনো ব্যক্তি, সংস্থা, ডিভাইস এবং সফটওয়্যার হতে পারে।

৫। অংশগ্রহণ

একটি SSI ব্যবস্থা দ্বারা কোনো পরিচয় অধিকার ধারককে অংশগ্রহণ করতে বাধ্য করা হবে না।

৬। সমদর্শিতা ও অন্তর্ভুক্তি

একটি SSI ব্যবস্থার প্রশাসনিক কাঠামোর অধীন, কোনো পরিচয় অধিকার ধারকের উদ্দেশ্যে কোনো বৈষম্যমূলক অথবা বর্জনমূলক আচরণ করা চলবে না।

৭। ব্যবহারযোগ্যতা, অভিজ্ঞতা ও ধারাবাহিকতা

একটি SSI ব্যবস্থায় অধীন, পরিচয়ধারকদের সুবিধার্থে, এজেন্ট বা SSI-র অন্যান্য অংশের ব্যবহারযোগ্যতা, অভিজ্ঞতা ও সর্বসঙ্গী প্রয়োগের ধারাবাহিকতাকে অগ্রাধিকার দেওয়া হবে।

৮। বহনযোগ্যতা

কোনো পরিচয় অধিকার ধারককে, SSI ব্যবস্থা দ্বারা তাদের ডিজিটাল পরিচয় তথ্য তাদের পছন্দের এজেন্ট অথবা সিস্টেমে কপি অথবা স্থানান্তর করার ক্ষমতায় বাধা সৃষ্টি করা হবে না।

৯। নিরাপত্তা

একটি SSI ব্যবস্থার অধীন, ডিজিটাল তথ্য, সংরক্ষিত ও প্রেরণকালীন অবস্থায় সুরক্ষিত রাখার জন্য, পরিচয় অধিকার ধারকদেরকে সুবিধা উপলব্ধ করা হবে। এই একই প্রাসঙ্গিক পরিধির ক্ষেত্রে পরিচয় অধিকার ধারকদেরকে তাদের নিজস্ব সনাক্তকারীদের ও এনক্রিপশন-কি নিয়ন্ত্রণ করতে ও সর্বধরনের প্রক্রিয়াকালে এন্ট-টু-এন্ট এনক্রিপশন ব্যবহার করার সুবিধা উপস্থিত করা হবে।

১০। যাচাইযোগ্যতা ও প্রামাণ্য

একটি SSI ব্যবস্থা দ্বারা সকল পরিচয় অধিকার ধারকদেরকে তাদের অধীন উপস্থিত ডিজিটাল পরিচয়ের তথ্যের সত্যতা নির্ধারণ করার জন্য, যাচাইযোগ্য প্রমাণ উপলব্ধ করার সুযোগ দেওয়া হবে।

১১। গোপনীয়তা এবং ন্যূনতম প্রকাশ

একটি SSI ব্যবস্থা দ্বারা সকল পরিচয় অধিকার ধারকদেরকে তাদের অধীন উপস্থিত ডিজিটাল পরিচয়ের তথ্যের গোপনীয়তা বজায় রাখতে ও কোনো প্রক্রিয়াকালে প্রয়োজনে ন্যূনতম তথ্য প্রকাশ করতে সক্ষম করবে।

১২। স্বচ্ছতা

একটি SSI ব্যবস্থা দ্বারা সকল পরিচয় অধিকার ধারক ও অন্যান্য অংশিদারদের, সকল প্রয়োজনীয় তথ্য, প্রয়োগ ও যাচাই করার সুবিধা উপলব্ধ করা হবে, যার সাহায্যে তারা অতি সহজে সেই সকল প্রণোদনা, বিধি, নীতি এবং অ্যালগরিদম সম্পর্কে জানতে পারবেন যেগুলির সাহায্যে SSI ব্যবস্থার সকল এজেন্ট এবং অন্যান্য অংশগুলি কাজ করে।

Sovrin Foundation এর উদ্যোগ ও কার্যাধিক্ষে SSI এর বিশ্বব্যাপী সম্প্রদায়ের সদস্যদের দ্বারা এই নীতিমালা প্রস্তুত করা হয়েছে।

[Creative Commons Attribution-ShareAlike 4.0 International License](#) এর অধীনে লাইসেন্স করা হয়েছে

এই নীতিমালা Sovrin Board of Trustee দ্বারা অনুমোদিত এবং Sovrin Utility Governance Framework এবং Sovrin Ecosystem Governance Framework এ অন্তর্ভুক্ত হয়েছে।

এই নীতিমালা সম্পর্কে কোনো মতামত বা পরামর্শ জানতে আমরা ইচ্ছুক। যদি SSI এর নীতিমালায় অংশগ্রহণ করতে আগ্রহী হলে Sovrin Governance Framework Working Group এর সাইটে অতিরিক্ত বিবরণ উপস্থিত রয়েছে।

(C) 2020 by Sovrin Foundation

The Principles of SSI are endorsed and supported by:

